

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়



তারিখ: ০৮-১১-২০২১

এন্ট্রিফর্ম (প্রবেশপত্র) সংক্রান্ত বিজ্ঞপ্তি
ব্যাচেলর অব এডুকেশন (সম্মান) ২৪তম, ২৫তম ও ২৬তম ব্যাচ

ব্যাচেলর অব এডুকেশন (সম্মান) ২৪তম (৩য় বর্ষ), ২৫তম (২য় বর্ষ) ও ২৬তম (১ম বর্ষ) ব্যাচের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সেমিস্টার ফাইনাল পরীক্ষা আগামী ০৫ ডিসেম্বর, ২০২১ তারিখ থেকে শুরু হবে। এ পরিপ্রেক্ষিতে প্রত্যেক শিক্ষার্থীকে এন্ট্রিফর্ম পূরণ করতে হবে। পরীক্ষা ব্যবস্থাপনা অফিস (কক্ষ নং ২০৯) থেকে নিচের সময়সূচি অনুযায়ী শিক্ষার্থীদের এন্ট্রিফর্ম সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে:

১. এন্ট্রিফর্ম সংগ্রহ করে জমা প্রদান : ১০-১১-২০২১ থেকে ১৭-১১-২০২১ তারিখ পর্যন্ত।
২. জমাকৃত এন্ট্রিফর্ম সংগ্রহ করে স্ব-স্ব হল প্রভোস্টের স্বাক্ষর গ্রহণ করে পরীক্ষা ব্যবস্থাপনা অফিসে (কক্ষ নং ২০৯) ২২-১১-২০২১ থেকে ২৮-১১-২০২১ তারিখের মধ্যে জমা দিতে হবে।

৩. পরীক্ষা আরম্ভের ০৩ দিন পূর্বে ২০৯ নং কক্ষ থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

সংযুক্তি:

- এক (০১) কপি স্ট্যাম্প সাইজের ছবি ফর্মের সাথে সংযুক্ত করতে হবে।

উল্লেখ্য, প্রবেশপত্র ছাড়া কোনক্রমেই সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না। যে সকল শিক্ষার্থী পুনঃভর্তি হয়েছে তাদেরকেও উক্ত সময় অনুযায়ী এন্ট্রিফর্ম সংগ্রহের পর যাবতীয় কাজ সম্পন্ন করে প্রবেশপত্র নিতে হবে। পূর্ববর্তী শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী ফলাফল প্রকাশের পর অকৃতকার্য হয়ে থাকলে সেই শিক্ষার্থীর পূরণকৃত এন্ট্রিফর্ম বাতিল বলে বিবেচিত হবে।

পরীক্ষা ব্যবস্থাপক

[বি.দ্র: শিক্ষার্থীর সুবিধার্থে পূরণকৃত 'নমুনা কপি' নোটিশ বোর্ড ও ২০৯ নং কক্ষের শিক্ষার্থী কাউন্টার-এ দেওয়া আছে।]